

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৭ ১৫

আগরতলা, ৬ নভেম্বর, ২০২৪

পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক কলা উৎসব শুরু

মহারাণী তুলসীবতী উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে দু'দিনব্যাপী পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক কলা উৎসব আজ শুরু হয়েছে। কলা উৎসবের উদ্বোধন করেন আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। উদ্বোধন করে মেয়র দীপক মজুমদার বলেন, পুঁথিগত বিদ্যার পাশাপাশি সাংস্কৃতিক চর্চা শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ মানুষ তৈরিতে সাহায্য করে। প্রতিভা বিকাশের জন্য ভালো প্ল্যাটফর্ম এই কলা উৎসব। কলা উৎসবের মাধ্যমে রাজ্যের শিক্ষার্থীদের সার্বিক বিকাশ হচ্ছে এবং জাতীয় স্তরে ত্রিপুরা সুনাম অর্জন করছে।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী, এলিমেন্টারি এবং সেকেন্ডারি এডুকেশনের অধিকর্তা এন সি শর্মা, সমগ্র শিক্ষার পশ্চিম জেলা আধিকারিক রূপন রায় এবং মহারাণী তুলসীবতী উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের ভাইস প্রিন্সিপাল প্রীতি দেববর্মা। অনুষ্ঠানে মোট ৭টি সাংস্কৃতিক বিষয়ে প্রতিযোগিতা হবে। পশ্চিম জেলার বিভিন্ন স্কুলের শিক্ষার্থী এবং শিক্ষক শিক্ষিকারা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।
